

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯০৭

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর দরুদ পাঠ করবে, সেই দরুদ কবরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে পেশ করা হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةً مَنْ صَلَّى عَلَى الْمُصِطْفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أُمَّتِهِ تُعرض عَلَيْهِ فِي قَبْرِهِ

## আরবী

907 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ بْنِ جَابِرٍ عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنْعَانِيِّ عَنْ بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ بْنِ جَابِرٍ عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنْعَانِيِّ عَنْ أَوْسٍ بْنِ أَوْسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَوْسٍ بْنِ أَوْسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ مِنْ أَفْضَلَ أَيَّامِكُمْ يَوْمَ الْجُمُعَةِ فِيهِ خَلَقَ اللَّهُ آدَمَ وَفِيهِ قُبِض وَفِيهِ النَّفْخَةُ وَفِيهِ السَّفْخَةُ وَفِيهِ السَّعْقَةُ فَأَكْثِرُوا عَلَيَّ مِنَ الصَّلَاةِ فِيهِ فَإِنَّ صَلَاتَكُمْ مَعْرُوضَةٌ عَلَيَّ) قَالُوا: وَكَيْفَ الصَّعْفَةُ فَأَكْثِرُوا عَلَيَّ وَقَدْ أَرَمْتَ؟ فَقَالَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا حَرَّمَ على الأرض أن تأكل تُعرض صَلَاتُنَا عَلَيْكَ وَقَدْ أَرَمْتَ؟ فَقَالَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا حَرَّمَ على الأرض أن تأكل أجسامنا)

الراوي: أَوْس بْن أَوْسِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 907 اخلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৯০৭. আওস বিন আওস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই তোমাদের দিনগুলোর মধ্যে শ্রেষ্ঠ দিন হলো শুক্রবারের দিন। এই দিনে আল্লাহ আদম আলাইহিস সালামকে সৃষ্টি করেছেন, এই দিনে তাঁকে উঠিয়ে নেওয়া হয়েছে, এই দিনে শিংগায় ফুৎকার দেওয়া হবে, এই দিনেই (মানুষ) জ্ঞান হারিয়ে ফেলবে, সুতরাং এই দিনে তোমরা আমার উপর বেশি বেশি দরুদ পাঠ করবে। কেননা তোমাদের দরুদ আমার কাছে পেশ করা হয়।" সাহাবীগণ বললেন, "আমাদের দরুদসমূহ কীভাবে আপনার কাছে পেশ করা হবে, অথচ আপনি পঁচে-গলে যাবেন?" জবাবে তিনি বলেন. "নিশ্চয়ই আল্লাহ আমাদের



(নবী/রাসুলগনের) দেহসমূহ ভক্ষণ করা জমিনের উপর হারাম করে দিয়েছেন।"[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ৩৫৪৬; মুসনাদ আহমাদ: ১/২০১; নাসাঈ, আল কুবরা: ৩/৬৬; আবূ ইয়ালা: ৬৭৭৬; হাকিম: ১/৫৪৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫১৬; ইবনু মাজাহ: ১০৮৫; আবূ দাউদ: ১০৪৭; নাসাঈ: ৩/৯১-৯২; দারেমী: ১/৩৬১; তাবারানী আল কাবীর: ৫৮৯; বাইহাকী: ৩/২৪৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ৯৬২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আওস ইবনু আওস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন